**SRI RAMAKRISHNA ASHRAMA INSTITUTE (HIGH SCHOOL)**

**Session 2020**

**Subject- History**

**Class- IX**

## তৃতীয় অধ্যায়- ঊনবিংশ শতকের ইউরোপ– রাজতান্ত্রিক ও জাতীয়তাবাদী ভাবধারার সংঘাত

### একক: জাতীয়তাবাদ বিষয়ক ধারণা থেকে ফেব্রুয়ারি বিপ্লব পর্যন্ত

**Worksheet- 2**

**Full Marks- 20** **Time- 40 mins**

**১. সঠিক উত্তরটি নির্বাচন করো** **১X৫=৫**

১.১। ফরাসি বিপ্লবের পর ফ্রান্সে প্রথম রাজতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করেন– ক) লুই ফিলিপ খ) লুই নেপোলিয়ন গ) নেপোলিয়ন বোনাপার্ট ঘ) অষ্টাদশ লুই

১.২। ভিয়েনা সম্মেলন অনুষ্ঠিত হয় যেখানে– ক) রাশিয়া খ) অস্ট্রিয়া গ) প্রাশিয়া ঘ) ইংল্যান্ড

১.৩। কার্লসবাড ডিক্রি ঘোষিত হয়– ক) ১৮১৫ খ্রিস্টাব্দে খ) ১৮১৮ খ্রিস্টাব্দে গ) ১৮১৯ খ্রিস্টাব্দে ঘ) ১৮৩০ খ্রিস্টাব্দে

১.৪। কোন বিপ্লব 'তিনটি গৌরবময় দিনের' বিপ্লব নামে পরিচিত? – ক) ফরাসি বিপ্লব খ) জুলাই বিপ্লব গ) ফেব্রুয়ারি বিপ্লব ঘ) নভেম্বর বিপ্লব

১.৫। জুলাই রাজতন্ত্রের প্রতিষ্ঠাতা যে বংশোদ্ভূত ছিলেন: ক) বুরবোঁ খ) স্যাভয় গ) অরেঞ্জ ঘ) অর্লিয়েন্স

**২. শূন্যস্থান পূরণ করো:।** **১x৫=৫**

২.১। ভিয়েনা সম্মেলনে অস্ট্রিয়ার সম্রাট ______________ যোগ দেন।

২.২। শক্তিসাম্য নীতি দ্বারা __________কে হল্যান্ডের সঙ্গে যুক্ত করা হয়।

২.৩। দশম চার্লস ছিলেন __________ এর ভ্রাতা।

২.৪। _______________ খ্রিস্টাব্দ বিপ্লবের বছর নামে পরিচিত ।

২.৫। ফেব্রুয়ারি বিপ্লবের পর ফ্রান্সে ______________ গঠিত হয়।

**৩. ঠিক না ভুল নির্ণয় করো:** **১x৫=৫**

৩.১। উনিশ শতকে ইউরোপে স্বৈরাচারী রাজতন্ত্র ও উদীয়মান জাতীয়তাবাদের মধ্যে সংঘাত দেখা দেয়।

৩.২। ভিয়েনা সম্মেলনের নেতৃবৃন্দ গণতন্ত্র ও জাতীয়তাবাদের সমর্থক ছিলেন।

৩.৩। পুরাতন তন্ত্রকে টিকিয়ে রাখার উদ্দেশ্যে মেটারনিকের উদ্যোগে ১৮১৫ খ্রিষ্টাব্দে ইউরোপীয় শক্তি সমবায় গঠিত হয়।

৩.৪। অষ্টাদশ লুইয়ের প্রধানমন্ত্রী পলিগন্যাক 'জুলাই অর্ডিন্যান্স' জারি করেন।

৩.৫। লুই নেপোলিয়ন ১৮৫২ খ্রিস্টাব্দে দ্বিতীয় প্রজাতন্ত্রের অবসান ঘটিয়ে ফ্রান্সে পুনরায় রাজতন্ত্র প্রতিষ্ঠা করেন।

**৪. একটি-দুটি শব্দ উত্তর দাও:** **১x৫=৫**

৪.১। ভিয়েনা সম্মেলন কবে অনুষ্ঠিত হয়? এই সম্মেলনে ফ্রান্সের কে প্রতিনিধিত্ব করেন?

৪.২। শক্তি সমবায়ের প্রথম অধিবেশন কবে, কোথায় বসেছিল?

৪.৩। কবে, কার রাজত্বকালে জুলাই বিপ্লব হয়?

৪.৪। জুলাই রাজতন্ত্রের সময়কাল উল্লেখ করো।

৪.৫। কবে, কোন ঘটনার মধ্য দিয়ে মেটারনিক তন্ত্রের পতন ঘটে?